

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২৪/২০১৩

তারিখ : ২১ অগ্রহায়ণ, ১৪২০
০৫ ডিসেম্বর, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

দশম জাতীয় সংসদ নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলন ও সরবরাহ প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ২৮ নভেম্বর, ২০১৩ তারিখের পরিপত্র স্মারক নং-৫৩.০১১.০০৯.০০.০০.০০২.২০০৭(অংশ)/৩০৯ (কপি সংযুক্ত) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের ২৫ নভেম্বর, ২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩-৪৫৯ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উপর্যুক্ত পরিপত্রের মাধ্যমে নির্ভুলভাবে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলন, সংরক্ষণ ও তা সংশ্লিষ্ট রিটার্গিং অফিসারের নিকট যথাসময়ে উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে ।

০৩। তাছাড়া, দশম জাতীয় সংসদ নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হতে বাছাই সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সময়কাল (সরকারী/সাপ্তাহিক ছুটি এবং অফিস সময়ের পরে হলেও) সকল তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যেন নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকেন এবং রিটার্গিং অফিসার কোন তথ্য কিংবা সহায়তা চাইলে তা যথাসময়ে প্রদান করেন এ মর্মেও নির্দেশনা দেয়া হয়েছে ।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল তফসিলি ব্যাংককে নির্দেশ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

সংযোজনী : ০৪(চার) পাতা ।

আপনাদের বিশ্বস্ত,



(অসীম কুমার মজুমদার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৬১